

## **া** পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ১৭. ১০. ঈশ্বরের অধীনতার মতই স্বামীর অধীনতা মেনে নাও

স্ত্রীর জন্য স্বামী ঈশ্বরের মতই। ঈশ্বরের বা খ্রিষ্টের মর্যাদার মতই তার মর্যাদা। স্বামীকে ঈশ্বর বা খ্রিষ্টের মতই মান্য করতে হবে: "Wives, submit yourselves unto your own husbands, as unto the Lord: স্ত্রীগণ, তোমরা যেভাবে প্রভুর বশীভূতা হও সেভাবেই তোমাদের স্বামীগণের বশীভূতা হও"। কিতাবুল মোকাদ্দস-০৬: "তোমরা যারা স্ত্রী, প্রভুর প্রতি বাধ্যতার চিহ্ন হিসাবে তোমরা নিজের নিজের স্বামীর অধীনতা মেনে নাও, কারণ মসীহ যেমন জামাতের, অর্থাৎ শরীরের মাথা, স্বামীও তেমনি স্ত্রীর মাথা। ... আর জামাত যেমন মসীহের অধীনে আছে তেমনি স্ত্রীরও সব বিষয়ে স্বামীর অধীনে থাকা উচিত (কেরি: নারীগণ সর্ব বিষয়ে আপন আপন স্বামীর বশীভূতা হউক)"। (ইফিষীয় ৫/২২-২৪)

পবিত্র বাইবেল আরো বলছে: "তোমরা যারা স্ত্রী, তোমরা প্রত্যেকে স্বামীর অধীনতা মেনে নাও, কারণ প্রভুর বান্দা হিসাবে এটাই উপযুক্ত।" (কলসীয় ৩/১৮) আরো দেখুন: ১ পিতর ৩/১-৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14462

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন